ISSN 2227-9776

সি এস ই
বাজার পরিক্রমা

ফেব্রুয়ারি ২০২০

CHITTAGONG STOCK EXCHANGE

চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ

বোর্ড অব ডাইরেক্টরস্

মেজর জেনারেল মোহাম্মদ শামীম চৌধুরী, এনডব্লিউসি, পিএসসি (অবঃ)	চেয়ারম্যান
ড. মোহাম্মদ আইয়ুব ইসলাম	ডাইরেক্টর
ডাঃ মইনুল ইসলাম মাহমুদ	ডাইরেক্টর
প্রফেসর এস. এম. সালামত উল্লাহ ভুঁইয়া	ডাইরেক্টর
প্রদীপ পাল এফসিএমএ, এফসিএ	ডাইরেক্টর
এস. এম. আবু তৈয়ব	ডাইরেক্টর
মীর্জা সালমান ইস্পাহানী	ডাইরেক্টর
মেজর (অবঃ) মোঃ এমদাদুল ইসলাম	ডাইরেক্টর
শাহজাদা মাহমুদ চৌধুরী	ডাইরেক্টর
মোঃ ছায়েদুর রহমান	ডাইরেক্টর
মামুন-উর-রশিদ	ব্যবস্থাপনা পরিচালক পদাধিকার বলে ডাইরেক্টর

প্রাক্তন প্রেসিডেন্ট/চেয়ারম্যানবৃন্দ

আমির খসরু মাহমুদ চৌধুরী	০১.০৪.১৯৯৫ থেকে ২৪.১২.২০০১
মীর্জা সালমান ইস্পাহানী	২৫.১২.২০০১ থেকে ১৮.১১.২০০৩
হাবিবুল্লাহ খান	১৯.১১.২০০৩ থেকে ১৪.১২.২০০৫
এমকেএম মহিউদ্দিন	১৫.১২.২০০৫ থেকে ১৫.১১.২০০৭
নাসিরউদ্দিন আহমেদ চৌধুরী	১৬.১১.২০০৭ থেকে ০৮.১১.২০০৯
ফখর উদ্দিন আলী আহমেদ	০৮.১১.২০০৯ থেকে ০১.১২.২০১১
আল-মারুফ খান এফ.সি.এ.	০২.১২.২০১১ থেকে ১৫.০২.২০১৪
ড. মোহাম্মদ আবদুল মজিদ	১৫.০২.২০১৪ থেকে ১২.০২.২০১৭
ড. এ. কে. আবদুল মোমেন	১৩.০২.২০১৭ থেকে ০৮.০১.২০১৯

এডিটোরিয়াল প্যানেল

মামুন-উর-রশিদ
ম্যানেজিং ডিরেক্টর

খালেদ হামিদী
ম্যানেজার, হেড অফ পাবলিকেশন

মাসুদা বেগম
ডেপুটি ম্যানেজার

চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ

কর্পোরেট অফিস :
১০৮০ শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম, বাংলাদেশ।
ফোন : ৮৮ ০৩১-৭১৪৬৩২-৩, ৭২০৮৭১-৩, ৭২৬৮০১-৫
ফ্যাক্স : ৮৮ ০৩১-৭১৪১০১
e-mail : cse@cse.com.bd; info@cse.com.bd
website : www.cse.com.bd
www.bangladeshstockmarket.com

ঢাকা অফিস :
ইউনুস ট্রেড সেন্টার লিমিটেড (লেভেল-১৫)
৫২-৫৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন : ৮৮ ০২-৯৫১৩৯১১-২০, ফ্যাক্স : ৮৮ ০২-৯৫১৩৯০৬

সিলেট অফিস :
আনন্দ টাওয়ার (৪র্থ তলা), উত্তর ধোপাদিঘীর পাড়, জেল রোড, সিলেট-৩১০০
ফোন : ৮৮ ০৮২১ ৭২১২১৩, ৭২১২১৫, ফ্যাক্স : ৮৮ ০৮২১ ৭২১২১৪

সিএসই বাজার পরিক্রমায় পরিসংখ্যান হিসেবে উপাত্তগুলো উপস্থাপনের ক্ষেত্রে যথাসাধ্য সাবধানতা অবলম্বর করা হয়েছে, যাতে উপাত্তগুলো নির্ভুলভাবে পরিবেশিত হয়। প্রকাশিত এসব তথ্য ও উপাত্তের ভিত্তিতে কেউ বিনিয়োগের সিদ্ধান্ত নিয়ে ক্ষতিগ্রস্ত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

সম্পাদকীয়

সরকার গত মাসে পুঁজিবাজার উন্নয়নে ছয়টি স্বল্পমেয়াদি পদক্ষেপ গ্রহণের ঘোষণা দেয়। পরে দীর্ঘমেয়াদি পদক্ষেপও নেওয়া হবে বলে ঘোষণা দেওয়া হয়। বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী তাঁর কার্যালয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও পুঁজিবাজারের সঙ্গে সম্পর্কিত অন্য পক্ষগুলোর সঙ্গে আলোচনা করেন। বিএসইসি থেকে বলা হয়, পুঁজিবাজারের উন্নয়ন নিয়ে সরকার অত্যন্ত আন্তরিক। সরকার মনে করে, দেশের অর্থনৈতিক উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে একটি গতিশীল ও শক্তিশালী পুঁজিবাজার অপরিহার্য। পুঁজিবাজার উন্নয়নে প্রয়োজনীয় সহযোগিতা সরকার ধারাবাহিকভাবে দিয়ে যাবে। পুঁজিবাজার বিকশিত করতে স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি কর্মসূচির বিষয়েও আলোচনা হয়। স্বল্পমেয়াদি কর্মসূচিগুলো শিগগিরই বাস্তবায়নের বিষয়ে মতামত প্রকাশ করা হয়। ছয়টি পদক্ষেপ হচ্ছে: পুঁজিবাজারে ব্যাংক ও ব্যাংকবহির্ভূত আর্থিক প্রতিষ্ঠানের অংশগ্রহণ বৃদ্ধি, মার্চেন্ট ব্যাংকার ও প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের জন্যে সহজ শর্তে ঋণসুবিধার ব্যবস্থা, ইনভেস্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশের (আইসিবি) বিনিয়োগ সক্ষমতা বৃদ্ধি, বিদেশি বিনিয়োগ আকৃষ্টকরণ ও দেশীয় বাজারে আস্থা সৃষ্টির জন্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, প্রাতিষ্ঠানিক বিনিয়োগ বৃদ্ধির জন্যে উদ্যোগ গ্রহণ, বাজারে মানসম্পন্ন আইপিও বাড়াতে বহুজাতিক ও সরকারি মালিকানাধীন লাভজনক কোম্পানিগুলোকে তালিকাভুক্তকরণের উদ্যোগ গ্রহণ।

পুঁজিবাজারের উন্নয়নে প্রদত্ত মাননীয় প্রধানমন্ত্রীর উপর্যুক্ত নির্দেশনাগুলোর বাস্তবায়ন ইতঃমধ্যে শুরু হয়েছে। এরই ধারাবাহিকতায় কিছুদিন আগে অর্থমন্ত্রী ৪টি লাভজনক সরকারি কোম্পানিকে পুঁজিবাজারে তালিকাভুক্তির ঘোষণা দেন। এই কোম্পানিগুলো বাজারে এলে, পুঁজিবাজারে ভালো শেয়ারের সরবরাহ বৃদ্ধির মাধ্যমে গতি সঞ্চারিত হবে বলে আশা করা যায়। সরকার দেশে উন্নয়নের যে গতি সঞ্চার করেছে তা অব্যাহত রাখতে পুঁজিবাজারেরও উন্নয়ন অপরিহার্য। কেননা, পুঁজিবাজার বিশেষজ্ঞদেরও ধারণা, ব্যাংকিং খাতের চেয়েও পুঁজিবাজারই শিল্পায়নে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। তাই পুঁজিবাজারের মাধ্যমে শিল্প খাতে অর্থের যোগান দিতে সরকারও উৎসাহ দিয়ে চলেছে।

অতি সম্প্রতি বাংলাদেশ ব্যাংক এক সার্কুলারে প্রতিটি তফসিলি ব্যাংক পুঁজিবাজারে বিনিয়োগের উদ্দেশ্যে সর্বোচ্চ দুই শত কোটি টাকার একটি বিশেষ তহবিল গঠন করতে পারে বলে জানানো হয় যা খুবই উৎসাহব্যঞ্জক।

তাছাড়া, নেটিং পদ্ধতি ও বন্ড মার্কেটও পুঁজিবাজারের গতিশীলতা ত্বরান্বিত করতে সহায়ক ভূমিকা পালন করতে পারে। সিএসই বর্তমানে বন্ড মার্কেট প্রচলন-পূর্ব প্রস্তুতি গ্রহণ করে চলেছে।

মাইল ফলক

- ১২ ফেব্রুয়ারি ১৯৯৫ : বাংলাদেশ সরকারের অনুমোদন লাভ
- ১ এপ্রিল ১৯৯৫ : লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধন
- ১০ অক্টোবর ১৯৯৫ : ফ্লোর ট্রেডিংয়ের সূচনা
- ১ জানুয়ারি ১৯৯৬ : ওয়ার্ল্ড ফেডারেশন অফ এক্সচেঞ্জস্ (প্রাক্তন এফআইবিভি)-এর করেসপন্ডিং সদস্য পদ লাভ
- ২ জুন ১৯৯৮ : স্বয়ংক্রিয় লেনদেন পদ্ধতির সূচনা
- ১৬ জানুয়ারি ২০০০ : সাউথ এশিয়ান ফেডারেশন অফ এক্সচেঞ্জেস (সেফ) গঠন
- ২৬ জানুয়ারি ২০০৪ : সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিঃ (সিডিবিএল) গঠন
- ৩০ মে ২০০৪ : ইন্টারনেট ট্রেডিং সার্ভিস (আইটিএস) চালুকরণ
- ৪ জুলাই ২০০৪ : ওভার-দ্য-কাউন্টার মার্কেট-এর সূচনা
- ১৪ জুলাই ২০০৪ : আনুষ্ঠানিক প্রস্তাব উত্থাপনের মাধ্যমে সিএসইর সিকিউরিটিজ ইনস্টিটিউট প্রতিষ্ঠার ধারণা প্রকাশ
- ১৪ ডিসেম্বর ২০০৫ : বাংলাদেশে প্রথমবারের মতো পুঁজিবাজার মেলা অনুষ্ঠান
- ১০ মার্চ ২০০৭ : দেশে প্রথমবারের মতো পুঁজিবাজার প্রশিক্ষণ কর্মসূচি (কমপ্রিহেনসিভ ট্রেনিং প্রোগ্রাম)-র সূচনা
- ১২ জুন ২০০৭ : সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কাছে ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস্ বিষয়ক রেগুলেটরি ফ্রেমওয়ার্ক-এর খসড়া পেশ
- ১৮ অক্টোবর ২০০৮ : সিএসইর ওআইসি মেম্বার স্টেস্ স্টক এক্সচেঞ্জ ফোরামের সদস্য পদ লাভ
- ২২ ফেব্রুয়রি ২০১০ : বুক বিল্ডিং মেথড চালুকরণ, ওশেন কন্টেইনার্স লিঃ-এর আইপিও প্রাইস ডিসকভারির জন্য
- ২৮ নভেম্বর ২০১০ : নেক্সট জেনারেশন ট্রেডিং সিস্টেম (এনজিটিএস) -এর জন্যে সিএসইর মিলেনিয়াম আইটি সফটওয়্যার লিঃ ও পোলারিস সফটওয়্যার ল্যাব লিঃ-এর সাথে চুক্তি স্বাক্ষর
- ১৩ জানুয়ারি ২০১১: বিধিমালার অধীনে শর্ট সেইলের লেনদেন সম্পাদন
- ২৬ সেপ্টেম্বর ২০১১ : বাংলাদেশ ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্কের মাধ্যমে, বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মতো, অরিজিনেটর হিসেবে, সিএসইর ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার চালুকরণ
- ২০ অক্টোবর ২০১১ : নেক্সট জেনারেশন ট্রেডিং সিস্টেম (এনজিটিএস) এবং নতুন ওয়েবসাইট চালুকরণ
- ২২ জুলাই ২০১২ : সিএসইর ডিজাসটার রিকভারি সিস্টেম (ডিআরএস) চালুকরণ
- ২৮ অক্টোবর ২০১৩ : সিএসই ওয়ার্ল্ড ফেডারেশন অফ এক্সচেঞ্জেস (ডব্লিউএফই)-এর করেসপন্ডেন্ট মেম্বার থেকে এফিলিয়েট মেম্বারে উন্নীত হয়।
- ৩ নভেম্বর ২০১৩ : সিএসইতে লেনদেন নিষ্পত্তির সময়সীমা টি+৩ থেকে টি+২ করা হয়।
- ২১ নভেম্বর ২০১৩ : ডিমিউচুয়ালাইজড এক্সচেঞ্জ হিসেবে সিএসইর আত্মপ্রকাশ।
- ১৫ ফেব্রুয়ারি ২০১৪ : ডিমিচুয়ালাইজড স্টক এক্সচেঞ্জ হিসেবে সিএসইর ১ম বোর্ড মিটিং অনুষ্ঠিত।
- ১২ অক্টোবর ২০১৪ : সিএসইর সিএসই শরিয়াহ্ ইনডেক্স ও সিএসই-৫০ বেঞ্চমার্ক ইনডেক্স চালুকরণ।
- ২২-২৩ অক্টোবর ২০১৪ : বাংলাদেশে প্রথমবারের মতো সিএসই ইন্টারনেট ট্রেড ফেয়ার অনুষ্ঠিত।
- ৩১ জানুয়ারি ২০১৭ : সিএসইর, জাতিসংঘের সাস্টেইনেবল স্টক এক্সচেঞ্জেস ইনিশিয়েটিভ-এর পার্টনার এক্সচেঞ্জ হয়ে ওঠা।

কম্প্লেইন সেল:

বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার্থে, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশক্রমে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের চট্টগ্রাম, ঢাকা ও সিলেট অফিসে কমপ্লেইন সেল খোলা হয়েছে। এই অভিযোগ কেন্দ্রের মাধ্যমে বিনিয়োগকারীগণ এখন থেকে ইস্যুয়ার বা তালিকাভুক্ত কোম্পানীর বিরুদ্ধে কোনেঅভিযোগ থাকলে তা সরাসরি জানাতে পারবেন। কমপ্লেইন সেল-এর সাথে সাথে সিএসইর ইনভেস্টরস্ ইনফরমেশন সেল (আইআইসি)- ও সক্রিয়রয়েছে। বিস্তারিত জানার জন্যে যোগাযোগ করুন:

কর্পোরেট অফিস :

১০৮০ শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম, বাংলাদেশ।
ফোন : ৮৮ ০৩১-৭১৪৬৩২-৩, ৭২০৮৭১-৩, ৭২৬৮০১-৫
ফ্যাক্স : ৮৮ ০৩১-৭১৪১০১
e-mail : cse@cse.com.bd; info@cse.com.bd
website : www.cse.com.bd; www.bangladeshstockmarket.com

ঢাকা অফিস :

ইউনুস ট্রেড সেন্টার লিমিটেড (লেভেল-১৫)
৫২-৫৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
ফোন : ৮৮ ০২-৯৫১৩৯১১-২০, ফ্যাক্স : ৮৮ ০২-৯৫১৩৯০৬

সিলেট অফিস :

সিলেট অফিস :
আনন্দ টাওয়ার (৪র্থ তলা), উত্তর ধোপাদিঘীর পাড়,
জেল রোড, সিলেট-৩১০০
ফোন : ৮৮ ০৮২১ ৭২১২১৩, ৭২১২১৫, ফ্যাক্স : ৮৮ ০৮২১ ৭২১২১৪

সূচি পত্র

জাতীয় অর্থনৈতিক নির্দেশক	০৫
আন্তর্জাতিক স্টক মার্কেট রিভিউ ও কমোডিটি এক্সচেঞ্জ	০৬
বিনিয়োগ সিদ্ধান্তে আবেগের ছোঁয়া *ড. ইমন কল্যাণ চৌধুরী*	০৭
কর্পোরেট সংবাদ	১০
এক্সচেঞ্জ সংবাদ	১৩
অর্থনৈতিক সংবাদ	১৭
বিএসইসি প্রেস বিজ্ঞপ্তি/ নতুন তালিকাভুক্তি জানুয়ারি ২০২০	১৯

সিএসই বাজার পরিসংখ্যান

এক নজরে বার্ষিক বাজার পরিসংখ্যান ও সিএসই বিলবোর্ড : জানুয়ারি ২০২০	২৭
সিএসই বাজার, মূল্যসূচক, বাজার মূলধন ও পরিশোধিত মূলধনের বার্ষিক গতিপ্রকৃতি : জানুয়ারি ২০২০	২৮
সিএসই খাত ভিত্তিক বাজার নির্দেশক ও সিএসই বাজার গতিপ্রকৃতি : জানুয়ারি ২০২০	২৯
রাইটস শেয়ার ও খাতভিত্তিক পরিসংখ্যান ৩০/০১/২০২০	৩০
সেক্টোরাল ইনডেক্স : জানুয়ারি ২০২০ ও দৈনিক সিএসই সূচক, বাজার মূলধন ও লেনদেন : জানুয়ারি ২০২০	৩১
সিএসই সূচক, বাজার মূলধন ও বাজার মূলধনের মাসিক গতিপ্রকৃতি : জানুয়ারি ২০২০	৩২
সিএসই-৩০ মূল্যসূচকভুক্ত কোম্পানিসমূহের পরিসংখ্যান : জানুয়ারি ২০২০	৩৩
সিএসই-৫০ মূল্যসূচকভুক্ত কোম্পানিসমূহের পরিসংখ্যান : জানুয়ারি ২০২০	৩৪
সিএসই শরিয়াহ্ মূল্যসূচকভুক্ত কোম্পানিসমূহের পরিসংখ্যান : জানুয়ারি ২০২০	৩৫
লেনদেনে শীর্ষ খাত : জানুয়ারি ২০২০ ও দৈনিক গড় লেনদেন শীর্ষ ২০ সিকিউরিটিজ : জানুয়ারি ২০২০	৩৯
সপ্তাহ ভিত্তিক বাজার প্রবণতা : জানুয়ারি ২০২০	৪০
শীর্ষ ২০ সক্রিয় ট্রেক হোল্ডারস্ : জানুয়ারি ২০২০	৪১
ক্যাটাগরিভিত্তিক পরিশোধিত মূলধন, বাজার মূলধন : জানুয়ারি ২০২০	৪২
বিনিয়োগ খাত, মূল্য-এনএভি অনুপাত : জানুয়ারি ২০২০	৪৩
বিনিয়োগ খাতের গতিপ্রকৃতি : জানুয়ারি ২০২০	৪৪
দৈনিক মূল্যবৃদ্ধিপ্রাপ্ত ও মূল্যহ্রাসপ্রাপ্ত কোম্পানি : জানুয়ারি ২০২০	৪৫
দৈনিক লেনদেনের বিবরণী ও গতিপ্রকৃতি : জানুয়ারি ২০২০	৪৬
দর বৃদ্ধিতে শীর্ষ সিকিউরিটিজ ও গতিপ্রকৃতি : জানুয়ারি ২০২০	৪৭
দর হ্রাসে শীর্ষ সিকিউরিটিজ ও গতিপ্রকৃতি : জানুয়ারি ২০২০	৪৮
সর্বনিম্ন পিই অনুপাত, সর্বোচ্চ শেয়ার প্রতি আয়, সর্বোচ্চ শেয়ার প্রতি নেট অ্যাসেট ভ্যালু ও সর্বোচ্চ ডিভিডেন্ড ঈল্ড : জানুয়ারি ২০২০	৪৯
বাজার মূলধনে শীর্ষ সিকিউরিটিজ ও গতিপ্রকৃতি : জানুয়ারি ২০২০	৫০
লেনদেনে শীর্ষ সিকিউরিটিজ ও গতিপ্রকৃতি : জানুয়ারি ২০২০	৫১
ফিরে দেখা : জানুয়ারি ২০২০	৫২
তালিকাভুক্ত সিকিউরিটিজের শেয়ার হোল্ডিং কম্পোজিশন	৫৩
তালিকাভুক্ত সিকিউরিটিজের অর্ধ-বার্ষিক ও ত্রৈমাসিক হিসাব	৫৭
তালিকাভুক্ত সিকিউরিটিজের বাজার মূল্য : জানুয়ারি ২০২০	৬৬
তালিকাভুক্ত সিকিউরিটিজের পরিসংখ্যান	৭৫
সিএসএ ওভার দ্য কাউন্টারভুক্ত সিকিউরিটিসমূহ	৮৪

Economic Outlook

06 February 2020

1.		05 February 2019	30 June, 2019[R]	30 January 2020	05 February 2020			
	Foreign Exchange Reserve (In million US$)	31343.51	32716.50	32400.76	32471.54			
2.		05 February 2019	30 June, 2019	30 January 2020	05 February 2020			
	Interbank Taka-USD Exchange Rate (Average)	83.9500	84.5000	84.9000	84.9500			
3.	**Call Money Rate**	05 February 2019	30 June, 2019	30 January 2020	05 February 2020			
	Weighted Average Rate	4.28	4.54	5.04	5.04			
4.	**Broad/Overall Share Price Index**	05 February 2019	30 June, 2019	05 February 2020	Percentage change			
					From June, 2019	From June, 2018		
	a) Dhaka Stock Exchange (DSE)[@]	5800.24	5421.62	4465.89	-17.63	7.30		
	b) Chittagong Stock Exchange (CSE)	17734.61	16634.21	13579.54	-18.36	7.10		
5.		January, 2019	July-Jan' FY19	January, 2020[P]	July-Jan' FY20[P]	FY 18-19		
	a) **Wage Earners' Remittances** (In million US$)	1597.21	9092.56	1638.53	11046.46	16419.63		
	b) Annual Percentage Change	15.76	9.39	2.59	21.49	9.60		
6.		November, 2018	July-Nov' FY19	November, 2019[P]	July-Nov' FY20[P]	FY 18-19		
	a) **Import (C&F)** (In million US$)	5082.00	25327.00	4393.00	23996.00	59914.70		
	b) Annual Percentage Change	-2.68	6.64	-13.56	-5.26	1.78		
		November, 2018	July-Nov' FY19	November, 2019[P]	July-Nov' FY20[P]	FY 18-19		
	a) **Import(f.o.b)** (In million US$)	4701.00	23432.00	4063.00	22200.00	55439.00		
	b) Annual Percentage Change	-2.71	6.64	-13.57	-5.26	1.79		
7.		January, 2019	July-Jan' FY19	January, 2020[P]	July-Jan' FY20[P]	FY 18-19		
	a) **Export** (EPB) (In million US$)*	3679.72	24179.59	3617.31	22919.47	40535.04		
	b) Annual Percentage Change	7.95	13.39	-1.70	-5.21	10.55		
8.		July-November' FY19		July-November' FY20[P]	FY 18-19			
	Current Account Balance (In million US$)	-2425.0		-1097.0	-5254.0			
9.		November, 2018	July-Nov'FY19	November, 2019[P]	July-Nov'FY20[P]	FY 2018-19		
	a) **Tax Revenue** (NBR) (Tk. in crore)	17267.03	79660.55	18606.72	83705.26	223892.42		
	b) Annual Percentage Change	10.94	7.67	7.76	5.08	10.67		
10.	**Investment in National Savings Certificates** (Tk. in crore)	December, 2018	July-Dec' FY18	December, 2019[P]	July-Dec' FY19[P]	FY 2018-19[P]		
	a) Net sale	3331.61	24993.54	-408.44	5433.20	47946.38		
	b) Total Outstanding	262760.06	262760.06	291093.28	291093.28	285712.9		
11.		December, 2018	June, 2019	December, 2019[P]	Percentage change			
					Dec'19 over Dec'18	July-Dec'19-20	July-Dec'18-19	FY2018-19
	a) **Reserve Money** (RM) (Tk. in crore)	234657.90	246187.70	250911.90	6.93	1.92	0.39	5.32
	b) **Broad Money** (M2) (Tk. in crore)	1155360.40	1219611.40	1294435.10	12.04	6.14	4.09	9.88
12.	**Total Domestic Credit** (Tk. in crore)	1080350.00	1146884.70	1240598.00	14.83	8.17	5.75	12.26
	a) Net Credit to the Govt. Sector	98152.10	113273.40	156860.80	59.81	38.48	3.43	19.37
	b) Credit to the Other Public Sector	23346.70	23355.60	30585.70	31.01	30.96	21.60	21.64
	c) Credit to the Private Sector	958851.20	1010255.70	1053151.50	9.83	4.25	5.65	11.32

13.		July-August 2018		July-August 2019		Percentage change				
						July-August, 2019		July-August, 2018		FY 2018-19
	L/C Opening and Settlement (million US$)	Opening	Settlement	Opening	Settlement	Opening	Settlement	Opening	Settlement	Settlement
	a) Food grains (Rice & Wheat)	260.60	221.18	272.53	183.94	4.58	-16.84	-65.95	-27.88	-51.75
	b) Capital Machinery	760.05	787.08	700.48	688.88	-7.84	-12.48	-19.24	-4.60	-9.43
	c) Petroleum	804.59	791.68	693.78	346.57	-13.77	-56.22	35.22	105.07	11.69
	d) Industrial Raw Materials	3381.18	3110.81	2737.78	2908.14	-19.03	-6.52	4.83	5.78	4.61
	e) Others	4811.61	3613.52	4621.46	4339.73	-3.95	20.10	4.49	0.87	17.98
	Total	**10018.03**	**8524.27**	**9026.03**	**8467.26**	**-9.90**	**-0.67**	**-1.12**	**6.01**	**6.03**
14.	**Rate of Inflation on the basis of Consumer Price Index for National (Base:2005-06=100)**	Dec. 2015	June, 2017	December, 2017	Sept., 2018	December, 2018	June, 2019	September, 2019	November, 2019	December, 2019
	a) Twelve Month Average Basis	6.19	5.44	5.70	5.68	5.55	5.48	5.49	5.56	5.59
	b) Point to Point Basis	6.10	5.94	5.83	5.43	5.35	5.52	5.54	6.05	5.75
	Corresponding Period	Dec. 2014	June, 2016	December, 2016	Sept., 2017	December, 2017	June, 2018	September, 2018	November, 2018	December, 2018
	a) Twelve Month Average Basis	6.99	5.92	5.52	5.55	5.70	5.78	5.68	5.58	5.55
	b) Point to Point Basis	6.11	5.53	5.03	6.12	5.83	5.54	5.43	5.37	5.35
15.	**Classified Loan**	December, 2016	June, 2017	December, 2017	June, 2018	September, 2018	December, 2018	March, 2019	June, 2019	September, 2019
	a) Percentage Share of Classified Loan to Total Outstanding	9.23	10.13	9.31	10.41	11.45	10.30	11.87	11.69	11.99
	b) Percentage Share of Net Classified Loan	2.33	2.62	2.20	2.66	3.33	2.18	3.02	2.53	3.66
16.	**Agricultural and Non-farm Rural Credit (Tk. in crore)**	November '18	December '18	July-Dec'18-19	November,'19	December,'19	July-Dec'19-20[P]	FY 2018-19[P]	FY 2017-18	FY 2016-17
	a) Disbursement **	2123.53	2755.81	10231.41	2250.30	2495.67	10800.80	23616.25	21393.55	20998.70
	b) Recovery	1923.00	2913.84	11393.24	1994.68	2747.45	11500.13	23734.32	21503.12	18841.16
	c) Outstanding	39606.40	40112.35	40112.35	42697.19	43026.40	43026.40	42974.29	40601.11	39047.57
17.	**SME Loan (Tk. in crore)**	Jan.-Mar.'17-18	Apr.-Jun.'17-18	July-Sep.'18-19	Oct-Dec.'18-19	Jan-Mar.'18-19	Apr-Jun.'18-19	July-Sep.'19-20[P]	2018	2017
	a) Disbursement	36419.55	41128.11	36913.26	45071.65	37287.09	43154.88	39289.52	159510.09	161810.84
	b) Outstanding	193647.29	193515.33	182082.68	188245.47	197718.18	208150.75	205490.94	188245.47	202410.85
18	**Industrial Term Loan (Tk. in crore)**	Jan.-Mar.'17-18	Apr.-Jun.'17-18	July-Sep.'18-19	Oct.-Dec.'18-19	Jan.-Mar.'18-19	Apr.-Jun.'18-19	July-Sep.'19-20[P]	FY 2018-19[P]	FY 2017-18
	a) Disbursement	16979.53	20141.42	19111.22	24256.13	15249.10	22233.63	21970.01	80850.08	70768.17
	b) Recovery	16519.78	19520.24	16378.13	17891.76	18670.22	23628.71	20785.68	76568.81	70193.08
	c) Outstanding	191392.89	202844.28	213486.38	220737.60	203793.29	243825.17	247338.00	243825.17	202844.28
19.		2010-11	2011-12	2012-13	2013-14	2014 -15	2015 -16	2016 -17	2017-18	2018-19[R]
	GDP Growth Rate (in percent, **Base: 2005-06=100**)	6.46	6.52	6.01	6.06	6.55	7.11	7.28	7.86	8.15

Note: ** = About 44.77% of the target for Agricultural Credit disbursement has been achieved in first six months of the current fiscal year. P=Provisional. R=Revised
@= DSE has been publishing Broad Index instead of General Index from 1st August, 2013.
*Revised according to the revised definition (Primary Commodities+Manufactured Commodoties) of Commodity exports by EPB.

Source : Bangladesh Bank's website

আন্তর্জাতিক স্টক মার্কেট রিভিউ

Americas						
Name	Value	Net Change	% Change	1 Month	1 Year	Date
INDU:IND DOW JONES INDUS. AVG	29,551.42	+275.08	+0.94%	+2.23%	+15.69%	--
SPX:IND S&P 500 INDEX	3,379.45	+21.70	+0.65%	+2.78%	+22.75%	2/12/2020
CCMP:IND NASDAQ COMPOSITE INDEX	9,725.96	+87.02	+0.90%	+4.87%	+31.07%	2/12/2020
NYA:IND NYSE COMPOSITE INDEX	14,136.98	+82.90	+0.59%	+0.67%	+13.32%	2/12/2020
SPTSX:IND S&P/TSX COMPOSITE INDEX	17,832.85	+55.74	+0.31%	+3.12%	+14.12%	--

Europe, Middle East & Africa						
Name	Value	Net Change	% Change	1 Month	1 Year	Date
SX5E:IND Euro Stoxx 50 Pr	3,854.43	+28.59	+0.75%	+1.98%	+20.36%	2/12/2020
UKX:IND FTSE 100 INDEX	7,534.37	+34.93	+0.47%	-1.09%	+4.78%	2/12/2020
DAX:IND DAX INDEX	13,749.78	+121.94	+0.89%	+2.22%	+23.13%	--
CAC:IND CAC 40 INDEX	6,104.73	+49.97	+0.83%	+1.14%	+20.31%	2/12/2020
IBEX:IND IBEX 35 INDEX	9,940.40	+57.80	+0.58%	+4.15%	+10.67%	--

Asia Pacific						
Name	Value	Net Change	% Change	1 Month	1 Year	Date
NKY:IND NIKKEI 225	23,806.17	-55.04	-0.23%	-0.19%	+12.92%	2/12/2020
TPX:IND TOPIX INDEX (TOKYO)	1,711.65	-7.27	-0.42%	-1.35%	+7.90%	2/12/2020
HSI:IND HANG SENG INDEX	27,768.75	-54.91	-0.20%	-4.10%	-2.56%	2/12/2020
SHSZ300:IND CSI 300 INDEX	3,963.24	-21.19	-0.53%	-5.73%	+16.72%	2/12/2020
AS51:IND S&P/ASX 200 INDEX	7,103.20	+15.00	+0.21%	+2.89%	+17.03%	2/12/2020
MXAP:IND MSCI AC ASIA PACIFIC	171.00	+1.10	+0.65%	-1.65%	+8.81%	2/12/2020

Source: Bloomberg

কমোডিটি এক্সচেঞ্জ

Energy						
Index	Units	Price	Change	%Change	Contract	Date
CL1:COM WTI Crude Oil (Nymex)	USD/bbl.	51.27	+0.10	+0.20%	Mar 2020	2/12/2020
CO1:COM Brent Crude (ICE)	USD/bbl.	55.76	-0.03	-0.05%	Apr 2020	2/12/2020
XB1:COM RBOB Gasoline (Nymex)	USd/gal.	158.43	+0.33	+0.21%	Mar 2020	2/12/2020
NG1:COM Natural Gas (Nymex)	USD/MMBtu	1.84	0.00	-0.16%	Mar 2020	2/12/2020
HO1:COM Heating Oil (Nymex)	USd/gal.	167.35	-0.22	-0.13%	Mar 2020	2/12/2020

Precious & Industrial Matters						
Index	Units	Price	Change	%Change	Contract	Date
GC1:COM Gold (Comex)	USD/t oz.	1,576.60	+5.00	+0.32%	Apr 2020	2/12/2020
XAUUSD:CUR Gold Spot	USD/t oz.	1,573.06	+7.00	+0.45%	N/A	2/12/2020
SI1:COM Silver (Comex)	USD/t oz.	17.58	+0.08	+0.45%	Mar 2020	2/12/2020
HG1:COM Copper (Comex)	USd/lb.	258.90	-1.10	-0.42%	Mar 2020	2/12/2020
XPTUSD:CUR Platinum Spot	USD/t oz.	965.88	+2.73	+0.28%	N/A	2/12/2020

Agriculture						
Index	Units	Price	Change	%Change	Contract	Date
C 1:COM Corn (CBOT)	USd/bu.	382.00	-1.00	-0.26%	Mar 2020	2/12/2020
W 1:COM Wheat (CBOT)	USd/bu.	548.50	0.00	0.00%	May 2020	2/12/2020
CC1:COM Cocoa (ICE)	USD/MT	2,868.00	-8.00	-0.28%	May 2020	2/12/2020
CT1:COM Cotton #2 (ICE)	USd/lb.	69.14	-0.10	-0.14%	May 2020	2/12/2020
LC1:COM Live Cattle (CME)	USd/lb.	117.85	+0.68	+0.58%	APR 20	--

Source: Bloomberg

বিনিয়োগ সিদ্ধান্তে আবেগের ছোঁয়া

ড. ইমন কল্যাণ চৌধুরী

সূচনাঃ

আবেগ একটি মিশ্র অনুভূতি। এটাকে এক কথায় সংজ্ঞায়িত করা বেশ কঠিন। আবেগ এমন একটি মানসিক অবস্থা যা স্বতঃস্ফুর্তভাবেই জাগ্রত হয়। এটি অনুভূতির উৎস হিসেবে কাজ করে। চেতনার যে অংশ অনুভূতি বা সংবেদনশীলতার সাথে সরাসরি সম্পর্কযুক্ত তাকে আবেগ বলা যায় (১)। বিনিয়োগ একটি আবেগ মিশ্রিত সিদ্ধান্ত যেখানে আবেগ আপনার বিনিয়োগ সিদ্ধান্তে পরোক্ষ ভূমিকা পালন করে। এটি বিনিয়োগ দক্ষতা ও বিচক্ষণতাকে পাশ কাটিয়ে আর্থিক ক্ষতিসাধন করতে পারে। বিনিয়োগ সিদ্ধান্ত নেয়ার সময় কেবলমাত্র বিনিয়োগের সম্ভাবনা ও তার সাথে সংশ্লিষ্ট যাবতীয় তথ্যসমূহই বিবেচনা করা উচিত। আবেগ যাতে আপনার বিনিয়োগকে প্রভাবিত করতে না পারে তার জন্য আপনার কিছু বিষয় মেনে চলা উচিত। যেহেতু আপনি একজন অনুভূতি সম্পন্ন মানুষ, সেহেতু আপনার সিদ্ধান্তে আবেগের উপস্থিতি থাকাটা নিতান্তই স্বাভাবিক। আবেগ ছেড়ে রোবটের মত বিনিয়োগ সিদ্ধান্ত নিতে পারাটা যথেষ্ট কষ্টসাধ্য বটে। এখন দেখা যাক চাঁদ স্মিথ (২) কোন বিষয় গুলোকে আবেগের উপাদান বলে গণ্য করেন;

১) কেবলমাত্র আপনি ছাড়াঃ আপনার চারপাশে সবাই এমন আচরণ করবে মনে হবে যেন কেবল আপনি ছাড়া বাকি সবাই বিনিয়োগ করে যথেষ্ট টাকার মালিক হয়ে যাচ্ছে, কেউ গাড়ি কিনছে, কেউ নতুন অ্যাপার্টমেন্ট বুকিং দিচ্ছে, কেউ বিদেশে বেড়াতে যাচ্ছে ইত্যাদি। এসব ঘটনা আপনাকে এমনভাবে বিচলিত করে তুলবে মনে হবে যেন সবাই এগিয়ে যাচ্ছে এবং উন্নতির চরম শিখরে উঠে যাচ্ছে। এতে করে আপনি বিচলিত হয়ে ভুল বিনিয়োগ সিদ্ধান্ত নিতে পারেন।

২) লোভঃ সবার মধ্যেই কম-বেশি লোভ বিষয়টা পরিলক্ষিত হয়। কোন কিছু না করে অনেক কিছু পাওয়া লোকজনের রীতিমত অভ্যাসে পরিণত হয়েছে। যদি "এই সুযোগ কাজে না লাগাই তাহলে আজীবন আফসোস করতে হবে" এই মানসিকতা থেকেই মানুষ অনেক ভুল সিদ্ধান্ত নেয়।

৩) হতাশাঃ আশাহীনতা থেকে হতাশার সৃষ্টি হয়। যখন দুএকটা ভুল বিনিয়োগ হয় অথবা দেশের অর্থনৈতিক অবস্থা খারাপের দিকে যায় তখন বিনিয়োগের যে লোকসান হয় তা দীর্ঘমেয়াদে বিনিয়োগকারীদেরকে হতাশার দিকে ঠেলে দেয়। কিছু লোক এই অবস্থা থেকে বেরিয়ে আসতে পারলেও বেশির ভাগ লোক এটাতে চরমভাবে নিমজ্জিত থাকে।

৪) ভীতিঃ এটি মানুষের সম্ভাবনার গতিকে থামিয়ে দেয়। যারা ভীতসন্ত্রস্ত থাকে তারা ঝুঁকিপূর্ণ বিনিয়োগ থেকে সবসময় দূরে থাকতে স্বাচ্ছন্দ্যবোধ করে। অতিরিক্ত ভীতি, বিনিয়োগ থেকে কাঙ্খিত মুনাফা অর্জনে বাধা সৃষ্টি করে।

৫) আসক্তিঃ আসক্তিতে ভোগেন এমন লোক সঠিক বিচার বিবেচনা করে বিনিয়োগ সিদ্ধান্ত নিতে পারেন না। এটি চিন্তাশৈলী দিয়ে একটি সুন্দর পোর্টফোলিও তৈরি করে ঝুঁকির পরিমান কমিয়ে কাংখিত মুনাফা অর্জন করার সম্ভাবনাকে নষ্ট করে দেয়।

৬) অহংকারঃ বিনিয়োগ এবং অহংকার দুটোর মধ্যে পানি ও তেলের মত সম্পর্ক। অতিরিক্ত অহংকারী মানুষ ভুল স্বীকার করতে চায় না এবং এতে করে তাদের ভুল থেকে কিছু শেখার সম্ভাবনাও থাকে না। লোকজন সাধারণত শেয়ার কিনে লাভবান হওয়ার জন্য, কিন্তু সবসময় এটা হয়ে ওঠে না এবং লোকসান হওয়াটা খুব স্বাভাবিক একটা ব্যাপার। সকলেই ভুল করে এবং লোকসানে প্রতিত হয়। আমেরিকার ক্যাপিটাল রিসার্চ গ্রুপ জানিয়েছে ওদের এক-তৃতীয়াংশ বিনিয়োগ সিদ্ধান্ত ভুল হয় (৩)। তবে এই ধরনের ভুল শুধরানোর জন্য অভিজ্ঞদের পরামর্শ নেয়া উচিত যা কিনা একজন অহংকারী কখনোই নেন না এবং লোকসানও কাটিয়ে উঠতে পারেন না।

৭) সবকিছুতে সুবিচার আশা করাঃ পৃথিবীতে কিছু মানুষ সব সময় সবার কাছ থেকে সুবিচার আশা করেন। এই অভ্যাস তাদের বিনিয়োগের মধ্যেও পরিলক্ষিত হয়। অর্থাৎ তারা আশা করে বিনিয়োগ করলে লাভ হতেই হবে। লোকসান হওয়াটা মেনে নিতে পারে না। পরিকল্পনা অনুযায়ী কাজ না হলে বা ফল না পেলে সেটাকে তারা অবিচার মনে করে।

উপরোক্ত বিষয়গুলো আবেগতাড়িত হওয়ার জন্য দায়ী বলে মনে করা হয়।

কিভাবে বিনিয়োগে আবেগকে এড়িয়ে চলবেন?

বিনিয়োগে আবেগকে এড়িয়ে চলার তেমন কোনো সুনির্দিষ্ট নিয়মকানুন না থাকলেও ক্রিস মূলার (৪) নিম্নোক্ত পন্থা গুলো মেনে চলার পরামর্শ দিয়েছেনঃ

১) দীর্ঘমেয়াদী বিনিয়োগ উদ্দেশ্য ঠিক করাঃ মানুষ বিনিয়োগ করে একটা নির্দিষ্ট উদ্দেশ্যকে সামনে রেখে। এটা হতে পারে স্বল্পমেয়াদী বা দীর্ঘমেয়াদী। যদি বিনিয়োগের উদ্দেশ্য পরিষ্কার না থাকে তাহলে এর থেকে কাঙ্ক্ষিত মুনাফা অর্জন অনিশ্চিত হয়ে পড়ে। এটা অনেকটা চোখ বাঁধা মানুষের লক্ষ্যবিহীন তীর ছোঁরার মত। আগে লক্ষ্য ঠিক করতে হবে তারপর বিনিয়োগে এগিয়ে যেতে হবে।

২) কেন বিনিয়োগ করছেন? অপেক্ষাকৃত বয়স্ক মানুষ সাধারণত অবসর জীবনে নিরাপদ ও ভাল থাকার জন্য বিনিয়োগ করে থাকেন। কিন্তু কমবয়সী বিনিয়োগকারীর উদ্দেশ্য অবসর জীবন কেন্দ্রিক নাও হতে পারে। তারা হয়তো বিলাসবহুল জীবন যাপন করাটা মাথায় রেখেই বিনিয়োগ করে থাকেন। বিনিয়োগের উদ্দেশ্য পরিষ্কার থাকলে ঝুঁকির মাত্রাকে প্রয়োজন অনুযায়ী কমানো বা বাড়ানো সম্ভব হয়। এটি বিচক্ষণ বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহনে সহায়তা করে।

৩) আস্থার সমন্বয়ঃ কিছু মানুষ আছে যারা নিজেদেরকে বেশ বুদ্ধিমান ও জ্ঞানী মনে করেন। তারা অন্যের চেয়ে অপেক্ষাকৃত ভালো বিনিয়োগ সিদ্ধান্ত নিতে পারেন বলে মনে করেন এবং দাবিও করেন। এটি হলো অত্যাধিক আস্থা। আবার অন্যদিকে কেউ কেউ বেশ কয়েকবার ভুল সিদ্ধান্তের ফলে লোকসানের সম্মুখীন হয়ে এমন ভাবে হতাশ হয়ে পড়েন যে উনাদের দিয়ে কখনো কোনো লাভজনক বিনিয়োগ সম্ভব হবে না বলে মনে করেন। আর এই অবস্থাকে বলা হয় হীনমন্যতা। একটা জিনিস মনে রাখা দরকার, শেয়ারবাজার অনেকগুলো উপাদানের সংমিশ্রণে চলতে থাকে। এটি কখনো একরকম ফল দেয় না। পরিবর্তন বিনিয়োগকারীর পক্ষে এবং বিপক্ষে আসতে পারে এবং এটাই স্বাভাবিক। অতএব আস্থার সঠিক সমন্বয় সাধন করতে পারলে লাভজনক বিনিয়োগ সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

৪) বিনিয়োগে বৈচিত্রতাঃ অনেকে কেবল ঐ সমস্ত শেয়ারে বিনিয়োগ করে থাকেন যেগুলোর দাম ক্রমশ বাড়ে। তারা দামের কম পরিবর্তনশীল শেয়ারে বিনিয়োগ করতে অনীহা প্রকাশ করেন এতে দেখা যায় যখন লোকসান হয় তখন বিনিয়োগের সিংহভাগই নাই হয়ে যায় অথচ যারা লোভকে সামলে বিভিন্ন শেয়ারে বিনিয়োগ করে থাকেন তারা অপেক্ষাকৃত কম লাভ করলেও তাদের বিনিয়োগ ঝুঁকি বহুলাংশে নিয়ন্ত্রণে রাখতে সক্ষম হন।

৫) হারানোর ভয় থাকলে চলবে নাঃ খেলায় হার-জিত আছে। সবাই জেতার মানসিকতা নিয়ে খেললেও হার একটা খুবই স্বাভাবিক ঘটনা। যদি না হারানোর চিন্তা মাথায় রেখে বিনিয়োগ করা হয় তাহলে আপনি আবেগ চালিত বিনিয়োগ সিদ্ধান্ত নিবেন। অতিরিক্ত রক্ষণশীল হলে কাঙ্ক্ষিত মুনাফা অর্জন সম্ভব নাও হতে পারে। শুধু গোল বাঁচানোর কৌশল মাথায় থাকলে গোল করার সুযোগ তৈরি করা যাবেনা। তাই ক্ষেত্রবিশেষে বিনিয়োগকারীকে মূলধন বা লাভ হারানোর চিন্তা বাদ দিয়ে কিছুটা আক্রমণাত্মক সিদ্ধান্ত নেয়া উচিত। তবে এই দুটোর সুন্দর সমন্বয় অধিকতর ভালো ফল দিতে পারে।

৬) তথ্যকে কাজে লাগাতে হবেঃ অনেক বিনিয়োগকারী কোন খবর শোনা মাত্র আবেগাপ্লুত হয়ে বিনিয়োগ সিদ্ধান্ত নিয়ে ফেলেন। পরে দেখা যায় সেটি ছিল নিছক একটি গুজব। খবর যদি সত্যিও হয় তবুও খবরটাকে বিনিয়োগ সিদ্ধান্ত নিতে তথ্য হিসেবে বিবেচনা করা উচিত এবং কেবল ওটার ওপর ভিত্তি করে কোনো সিদ্ধান্ত নেয়া উচিত হবে না।

৭) গড্ডালিকা প্রবাহে গা না ভাসানোঃ সবাই একটা শেয়ারের পেছনে হুমড়ি খেয়ে পরলেও আপনি ধীর গতিতে অগ্রসর হবেন। আপনার খুব বিশ্বস্ত লোক কোন পরামর্শ দিলে অন্ধের মতো তা অনুসরণ করবেন না। নিজে বিবেচনা করে, ভালোমতো খবরা-খবর নিয়ে, বাজারের অবস্থা পর্যবেক্ষণ করে তারপর সিদ্ধান্ত নিবেন। সবাই একদিকে গেলে স্বাভাবিকভাবেই সেদিকে চাহিদা বাড়বে এবং এক পর্যায়ে তা উল্টো পথে হাঁটতে শুরু করবে।

৮) ব্যক্তিগত অনুভূতি ঝেড়ে ফেলাঃ অনেক সময় কিছু বিনিয়োগের সাথে ব্যক্তিগত অনুভূতি জড়িয়ে থাকতে পারে, যেমন মা-বাবার দেয়া উপহারের শেয়ার, আত্মীয়-স্বজনের কোম্পানির শেয়ার, নিজ এলাকার কোম্পানির শেয়ার ইত্যাদি। এসব ব্যক্তিগত অনুভূতিগুলো আপনার বিনিয়োগকে চরম লোকসানের মুখে ফেলতে পারে।

৯) অতীতের পুনরাবৃত্তি নাও হতে পারেঃ কিছু কোম্পানি আছে যাদের অতীত বেশ ভালো ছিল এবং দেশের সেরা ব্র্যান্ডগুলোর মধ্যে অন্যতম ছিল কিন্তু বর্তমান পরিস্থিতি খুবই খারাপ। আপনি যদি অতীত নিয়ে ভবিষ্যতের স্বপ্ন দেখেন তাহলে কাঙ্ক্ষিত ফল নাও পেতে পারেন। আবার কিছু কোম্পানির অতীত দুঃখজনক হলেও বর্তমান এবং ভবিষ্যৎ সম্ভাবনা খুবই উজ্জ্বল থাকলে এইসব ক্ষেত্রে আপনি অতীত স্মৃতি রোমন্থন না করে ভবিষ্যতের দিকে তাকিয়ে বিনিয়োগ সিদ্ধান্ত নিবেন।

উপসংহারঃ

বিনিয়োগ সিদ্ধান্তকে হালকাভাবে নেয়ার কোন অবকাশ নেই। এই সিদ্ধান্ত নেয়ার সময় যতোটা সম্ভব আবেগ কর্তৃক পরিচালিত না হয়ে বাস্তববাদী হওয়াটাই বুদ্ধিমানের কাজ। উপরোক্ত বিষয়গুলো মাথায় রেখে বিনিয়োগ সিদ্ধান্ত নিলে তা কাঙ্ক্ষিত ফল দেবে বলে আশা করা যায়।

তথ্যসুত্রঃ

১) Zalta, Edward N. (ed.). "Emotion". *Stanford Encyclopedia of Philosophy*.
২) Chad Smith, Leave Your Emotions at the Door When Investing, adviser, No. 11, 2019
৩) https://www.financialsymmetry.com/how-to-avoid-emotional-investing/
৪) Chris Muller, Ways to Avoid Emotional Investing, Dec. 4, 2019

ড. ইমন কল্যাণ চৌধুরী
সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান
হিসাব বিজ্ঞান বিভাগ
সি আই ইউ বিজনেস স্কুল
চিটাগং ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি
চট্টগ্রাম।

কর্পোরেট সংবাদ

Credit Rating

SANDHANINS: Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has announced the Rating (Surveillance) of Sandhani Life Insurance Co. Ltd. as "AA3" in the long term along with a stable outlook in consideration of its audited financials up to 31 December 2018 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

MICEMENT: Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has announced the Entity Rating (Surveillance) of M.I. Cement Factory Ltd. as "AA2" along with a stable outlook in consideration of its audited financials up to June 30, 2019; bank liability position as on 30 November 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

GOLDENSON: Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has announced the Entity Rating (Surveillance) of Golden Son Limited as "BBB3" along with a stable outlook in consideration of its audited financials up to 30 June 2019, 2018, 2017, 2016, 2015 and bank liability position as on 30 November 2019.

CVOPRL: Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has announced the Entity Rating (Surveillance) of CVO Petrochemical Refinery Ltd. as "BBB2" along with a stable outlook in consideration of its audited financials up to 30 June 2019, 2018, 2017, 2016, 2015 and bank liability position as on 30 December 2019.

BBSCABLES: National Credit Ratings Limited (NCR) has announced the Surveillance entity Rating of BBS Cables Ltd. as "A+" in the long term and "ST-2" in the short term along with a stable outlook based on audited financial statements of the Company of June 30, 2019.

DESHBANDHU: National Credit Ratings Limited (NCR) has announced the Surveillance Rating of Deshbandhu Polymer Ltd. as "A" in the long term and "ST-3" in the short term along with Developing Outlook based on audited financial statements of the Company of June 30, 2019

ASIAINS: Credit Rating Information and Services Ltd. (CRISL) has informed that the Rating Committee of CRISL has assigned the CPA (Claim Paying Ability) Rating of Asia Insurance Limited as "AA" along with a stable outlook in consideration of audited financials of the Company up to December 31, 2018, also unaudited financials up to September 30, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

FEDERALINS: Credit Rating Information and Services Ltd. (CRISL) has informed that the Rating Committee of CRISL has assigned the CPA (Claim Paying Ability) Rating of Federal Insurance Company Limited as "A" along with a stable outlook in consideration of audited financials of the Company up to December 31, 2018, also unaudited financials up to September 30, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

UNIQUEHRL: Credit Rating Information and Services Limited (CRISL) has informed that the Rating Committee of CRISL has assigned the rating to Unique Hotel & Resorts Limited as "AA+" in the long term and "ST-1" in the short term along with a stable outlook in consideration of its audited financials up to June 30, 2019; un-audited financials up to September 30, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

APEXFOOT: Credit Rating Information and Services Limited (CRISL) has informed that the Rating Committee of CRISL has assigned the rating to Apex Footwear Limited as "AA" in the long term and "ST-2" in the short term along with a stable outlook based on audited financial statements of the Company up to June 30, 2019; unaudited financials up to September 30, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

CITYGENINS: Credit Rating Information and Services Ltd. (CRISL) has informed that the Rating Committee of CRISL has assigned the CPA (Claim Paying Ability) Rating of City General Insurance Company Limited as "AA-" along with a stable outlook in consideration of audited financial statements of the Company up to December 31, 2018; unaudited financials up to September 30, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

BENGALWTL: Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has announced the Entity Rating (Surveillance) of Bengal Windsor Thermoplastics Ltd., as "AA3" along with a stable outlook based on audited financial statements up to June 30, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

ITC: Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has announced the Entity Rating of IT Consultants Limited as "A2" along with a stable outlook based on audited financial statements of the Company up to June 30, 2019; bank liability position up to December 29, 2019 and other relevant quantitative and qualitative information up to the date of rating declaration.

PRIMEINSUR: Credit Rating Information and Services Ltd. (CRISL) has informed that the Rating Committee of CRISL has assigned the CPA (Claim Paying Ability) Rating of Prime Insurance Company Limited as "AA-" along with a stable outlook in consideration of audited financials of the Company up to December 31, 2018, unaudited financials up to September 30, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

BDFINANCE: Emerging Credit Rating Limited (ECRL) has announced surveillance credit rating to Bangladesh Finance and Investment Company Ltd. as "A+" in the long term and "ST-2" in the short term along with a Stable outlook of the Company based on audited financials up to December 31, 2018 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating.

BDCOM: Emerging Credit Rating Limited (ECRL) has informed that it has assigned surveillance credit rating to BDCOM Online Ltd. as "AA" in the long term and "ST-2" in the short term along

with a stable outlook based on audited financial statements of the Company up to June 30, 2019 and other relevant quantitative and qualitative information up to the date of rating.

CONTININS: Alpha Credit Rating Limited (Alpha Rating) has informed that it has assigned the rating of Continental Insurance Ltd. as "AA-" in the long term and "ST-2" in the short term along with a stable outlook based on audited financial statements of the Company as on December 31, 2018 and relevant qualitative information till January 18, 2020.

APEXTANRY: Credit Rating Information and Services Ltd. (CRISL) has informed that the Rating Committee of CRISL has assigned the rating to Apex Tannery Ltd as "AA-" in the long term and "ST-3" in the short term along with stable outlook in consideration of its audited financials up to June 30, 2019; unaudited financials up to September 30, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

ORIONPHARM: Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has announced the Entity rating (Surveillance) of Orion Pharma Ltd. as "A1" along with a stable outlook based on based on audited financial statements up to June 30, 2019; bank liability position as on December 31, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

ORIONINFU: Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has announced the Entity Rating (Surveillance) of Orion Infusion Ltd. as "A3" along with a stable outlook based on audited financial statements up to June 30, 2019; bank liability position as on December 31, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

SPCL: Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has announced the Entity Rating (Surveillance) of Shahjibazar Power Co. Ltd. as "AA1" along with a stable outlook based on audited financial statements up to June 30, 2019; bank liability position as on December 31, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

PRIMETEX: National Credit Ratings Limited (NCR) has announced the surveillance rating of Prime Textile Spinning Mills Ltd. as "A+" in the long term and "ST-2" in the short term along with a developing outlook based on audited financial statements of June 30, 2019.

CENTRALINS: Credit Rating Information and Services Ltd. (CRISL) has informed that the Rating Committee of CRISL has assigned the CPA (Claim Paying Ability) Rating of Central Insurance Company Ltd.as "AA-" along with a stable outlook in consideration of audited financials of the Company up to December 31, 2018, unaudited financials up to September 30, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration

এক্সচেঞ্জ সংবাদ

চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের নতুন ব্যবস্থাপনা পরিচালক মামুন-উর-রশিদ

জনাব মামুন-উর-রশিদ চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের নতুন ব্যবস্থাপনা পরিচালক (এমডি) পদে নিযুক্ত হয়েছেন। ৪ ফেব্রুয়ারি ২০২০ তিনি এ পদে আনুষ্ঠানিকভাবে যোগদান করেন। সিএসইর এমডি হিসেবে তিনি এম সাইফুর রহমান মজুমদারের স্থলাভিষিক্ত হলেন।

জনাব মামুন-উর-রশিদ ১৯৫৭ সালের ৯ জানুয়ারি চট্টগ্রামের পটিয়ায়, এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে রাজনীতি বিজ্ঞান বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকত্তোর ডিগ্রি অর্জন করেন। সীতাকুণ্ড ডিগ্রি কলেজ, চট্টগ্রাম-এ রাজনীতি বিজ্ঞানের প্রভাষক হিসেবে ক্যারিয়ার শুরু করেন।

ব্যাংকিং খাতে দীর্ঘ ৩৫ বছরের অভিজ্ঞতাসম্পন্ন মামুন-উর-রশিদ সর্বশেষ স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেডের এমডি ও সিইও হিসেবে দায়িত্ব পালন করেন। ১৯৮৪ সালে ন্যাশনাল ব্যাংকে প্রবেশনারি অফিসার হিসেবে তাঁর ব্যাংকিং ক্যারিয়ার শুরু হয়। এরপর বিভিন্ন সময়ে তিনি এনসিসি ব্যাংক লিমিটেড, প্রাইম ব্যাংক লিমিটেড, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড ও প্রিমিয়ার ব্যাংক লিমিটেডে কাজ করেন। তিনি ২০১৩ সালে স্ট্যান্ডার্ড ব্যাংকে উপ-ব্যবস্থাপনা পরিচালক (ডিএমডি) হিসেবে যোগদান করেন। পরবর্তী সময়ে তিনি অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক (এএমডি) হিসেবে পদোন্নতি পান। স্ট্যান্ডার্ড ব্যাংকে যোগদানের আগে তিনি ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক ও প্রিমিয়ার ব্যাংকে ডিএমডির দায়িত্ব পালন করেন। জনাব মামুন তাঁর দীর্ঘ ব্যাংকিং ক্যারিয়ারে জেনারেল ব্যাংকিং, ক্রেডিট, ফরেন এক্সচেঞ্জ, ট্রেজারি ও আইডি (ইন্টারন্যাশনাল ডিভিশন)-এর ক্ষেত্রে সিনিয়র ম্যানেজমেন্ট পজিশনে অধিষ্ঠিত থেকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। হেড অফ ব্রাঞ্চ হিসেবে ব্রাঞ্চ ব্যাংকিংয়ের ক্ষেত্রেও তিনি কৃতিত্বপূর্ণ ভূমিকা রাখেন।

জনাব মামুন দেশ-বিদেশে অসংখ্য সেমিনার, কর্মশালা ও প্রশিক্ষণ কর্মসূচিতে অংশ নিয়েছেন। যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, ইতালি, জাপান, সিঙ্গাপুর, মালয়েশিয়া, থাইল্যান্ড, চীন, সংযুক্ত আরব আমিরাত, সৌদি আরব, মিসর, কাতার এবং মরিশাসসহ বিভিন্ন দেশ ভ্রমণের অভিজ্ঞতা রয়েছে তাঁর। তিনি *IQRA Finance UK Limited, U.K.; Habib Exchange LLC, U.A.E.* ও *Arab National Bank, K.S.A.*-এর সাথে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক-এর *Remittance agreements* সম্পন্ন করেন যা ব্যাংকের ইনওয়ার্ড ফরেন রেমিট্যান্স বিজনেসে সফলতার দৃষ্টান্ত স্থাপন করে।

জনাব মামুন ইউওটিসি-র একজন ক্যাডেট ছিলেন এবং বর্তমানে বিএনসিসি (বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট করপ্স্) এর সেরা পদ 'ক্যাডেট এডজুট্যান্ট' অর্জন করেন। অল-রাউন্ড পারফরম্যান্স-এর জন্যে তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে 'বেস্ট ক্যাডেট' এবং 'ভাইস চ্যান্সেলরস্ মেড্যাল' লাভ করেন।

এ যাবৎ সমাজসেবায়ও তিনি অগ্রণী ভূমিকা পালন করেন। জনাব মামুন দেশের উন্নয়নের লক্ষ্যে শিশুদের মধ্যে জ্ঞানের শক্তি সঞ্চারিত করতে চট্টগ্রামের পটিয়ার কুসুমপুরা গ্রামে 'প্রিন্সিপাল ফজল আহমেদ ইন্টারন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজ' প্রতিষ্ঠা করেন। এতে ইন্টারন্যাশনাল ইংলিশ ভার্শনে শিক্ষা প্রদান করা হয়। কমিউনিটি ক্লিনিক, টেকনিক্যাল স্কুল, বয়স্কদের জন্যে শিক্ষা ইত্যাদির মাধ্যমে সমাজ উন্নয়নের লক্ষ্যে তিনি স্থাপন করেন 'সৈয়দ জাহানারা ফজল ফাউন্ডেশন'।

জনাব মামুন-উর-রশিদ জাতিসংঘের একটি অ্যাফিলিয়েটেড অরগ্যানাইজেশন গ্লোবাল ইকনোমিস্ট ফোরাম-এর জেনারেল সেক্রেটারি। এ ছাড়াও তিনি ঢাকা বোট ক্লাব, চট্টগ্রাম বোট ক্লাব, শাহীন গলফ্ ক্লাব, ভাটিয়ারি গলফ্ অ্যান্ড কান্ট্রি ক্লাব লিঃ, ময়নামতি গলফ্ অ্যান্ড কান্ট্রি ক্লাব লিঃ, কুমিল্লা, চট্টগ্রাম ব্লাইন্ড ফাউন্ডেশন এবং লায়নস্ ক্লাব অব চিটাগাং-এর সম্মানিত সদস্য। জনাব মামুন পটিয়া সমিতি, ঢাকা-এর প্রথম ভাইস প্রেসিডেন্ট, চট্টগ্রাম সমিতি, ঢাকা-এর উপদেষ্টা পরিষদের একজন সম্মানিত সদস্য ও মেট্রোপলিটান ক্লাব লিঃ-এর স্থায়ী সদস্য এবং মা ও শিশু হাসপাতাল, চট্টগ্রাম-এর আজীবন সদস্য হিসেবে সমাজসেবায় সক্রিয় রয়েছেন।

ব্যাংকিং খাতে, বিশেষ করে ফরেন ট্রেড এবং ইন্টারন্যাশনাল ব্যাংকিং অপারেশনে অসামান্য অবদানের জন্যে জনাব মামুন ২০১৭ সালের ৩০ মার্চ দুবাইয়ে কমনওয়েলথ্ ইউনিভার্সিটি কর্তৃক 'ড. অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন' শীর্ষক সম্মাননা পদকে ভূষিত হন। তাছাড়া তিনি কমনওয়েলথ্ ইউনিভার্সিটি ডিগ্রি প্রোগ্রামের এডমিনিস্ট্রেটর, লন্ডন গ্র্যাজুয়েট স্কুল থেকে 'মাস্টার ক্লাস সার্টিফিকেট ইন লিডারশিপ অ্যান্ড ম্যানেজমেন্ট'সহ আরও অনেক পুরস্কার লাভ করেন।

সিএসইর নতুন ব্যবস্থাপনা পরিচালককে অভ্যর্থনা



০৪ ফেব্রুয়ারি ২০২০ ঢাকা: সিএসইর চেয়ারম্যান মেজর জেনারেল মোহাম্মদ শামীম চৌধুরী, এনডব্লিউসি, পিএসসি (অবঃ) এবং পরিচালকবৃন্দ নতুন ব্যবস্থাপনা পরিচালক মামুন-উর-রশিদকে ফুলেল শুভেচ্ছা জানান।

০৫ ফেব্রুয়ারি ২০২০ চট্টগ্রাম: সিএসইর প্রধান কার্যালয়ের কর্মকর্তাগণ নতুন ব্যবস্থাপনা পরিচালক মামুন-উর-রশিদকে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপনের মাধ্যমে বরণ করে নেন।



০৪ ফেব্রুয়ারি ২০২০ ঢাকা: সিএসইর ঢাকা কার্যালয়ের কর্মকর্তাগণ নতুন ব্যবস্থাপনা পরিচালক মামুন-উর-রশিদকে ফুল দিয়ে বরণ করে নেন।

সিএসইতে শেয়ার লেনদেন শুরু

আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিঃ

১৬ জানুয়ারি ২০২০ ঢাকা: সিএসইর ঢাকা অফিস থেকে আনুষ্ঠানিকভাবে আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিঃ-এর শেয়ার লেনদেন শুরু হয়। এ-সময় আশুগঞ্জ পাওয়ার স্টেশন-এর ম্যানেজিং ডিরেক্টর এ. এম. এম. সাজ্জাদুর রহমান, এক্সিকিউটিভ ডিরেক্টর মোঃ মিজানুর রহমান, কোম্পানি সেক্রেটারি মোঃ আবুল মনসুর, চারজন ট্রাস্টি ও ম্যানেজার টু দ্য ইস্যু যথাক্রমে আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ-এর সিইও মোঃ সোহেল রহমান ও সিনিয়র এক্সিকিউটিভ অফিসার মিসেস স্বপ্না রায়, এক্সিকিউটিভ অফিসার মোঃ ফজলুর হক ও ব্র্যাক ইপিএল ইনভেস্টমেন্টস্ লিঃ-এর সিইও দিদারুল হক খান, সিএসই ঢাকা অফিসের দুজন ডেপুটি ম্যানেজার মাসুদা বেগম ও পারভিন আক্তার উপস্থিত ছিলেন।

এডিএন টেলিকম লিঃ

০৫ জানুয়ারি ২০২০ ঢাকা: সিএসইর ঢাকা অফিস থেকে আনুষ্ঠানিকভাবে এডিএন টেলিকম লিঃ-এর শেয়ার লেনদেন শুরু হয়। এ-সময় এডিএন টেলিকমের চেয়ারম্যান আসিফ মোহাম্মদ, পাঁচজন পরিচালক, সিএফও মোঃ এনায়েত হোসেন, কোম্পানি সেক্রেটারি মোঃ মনির হোসেন, দুই ইস্যু ম্যানেজার আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ-এর সিইও-এডিশনাল চার্জ মোঃ সোহেল রহমান ও সিনিয়র এক্সিকিউটিভ অফিসার মিসেস স্বপ্না রায়, সিএসই ঢাকা অফিসের তৎকালীন ইন-চার্জ ও ডিজিএম হাসনাইন বারী এবং ডেপুটি ম্যানেজার পারভিন আক্তার উপস্থিত ছিলেন।

সিএসইকে খ্রিস্টিয় নববর্ষের শুভেচ্ছা জ্ঞাপন

০১ জানুয়ারি ২০২০ চট্টগ্রাম: ট্রাস্ট ব্যাংক লিঃ, মিউচুয়্যাল ট্রাস্ট ব্যাংক লিঃ এবং বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকারস্ অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে সিএসইর ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক মোঃ গোলাম ফারুককে কেক উপহার দেয়ার মাধ্যমে খ্রিস্টিয় নববর্ষের শুভেচ্ছা জ্ঞাপন করা হয়। আইএফআইসি ব্যাংক, আইএফআইএল এবং ইস্টার্ন ব্যাংক লিমিটেডও একইভাবে সিএসইকে নতুন বছরের শুভেচ্ছা জানান।

অর্থনৈতিক সংবাদ

রাষ্ট্রায়ত্ত ৪ ব্যাংক পুঁজিবাজারে আসছে সেপ্টেম্বরে: অর্থমন্ত্রী

পুঁজিবাজারকে শক্তিশালী করতে রাষ্ট্রায়ত্ত আরও চারটি ব্যাংককে সেপ্টেম্বরের মধ্যে তালিকাভুক্ত করা হচ্ছে বলে জানান মাননীয় অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। ০৯/০২/২০ সচিবালয়ে অর্থ মন্ত্রণালয়ের সভাকক্ষে রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও অংশীজনদের সঙ্গে বৈঠক শেষে তিনি একথা জানান। অর্থমন্ত্রী বলেন, "বিডিবিএল, অগ্রণী, জনতা ও সর্বশেষ সোনালী ব্যাংককে বাজারে নিয়ে আসা হবে। আমরা একটি কমিটি করে দিয়েছি। কমিটিতে চারটি ব্যাংকের একজন করে থাকবেন। এটা আইসিবি কোঅর্ডিনেট করবে। তবে এর মধ্যে সোনালী ব্যাংক ট্রেজারি পারফর্ম করে। তাই আনতে সময় লাগবে। তবে অক্টোবরের পরে যাব না, সেপ্টেম্বরের মধ্যে অন্তত কাজটিই করতে চাই।"

মুস্তফা কামাল বলেন, ব্যাংকগুলির ২৫ শতাংশ শেয়ার বাজারে ছাড়া হবে; একবারে না পারলে পর্যায়ক্রমে হবে। আগে থেকে তালিকাভুক্ত রূপালী ব্যাংকের শেয়ার ১০ শতাংশ থেকে বাড়িয়ে ২৫ শতাংশ করা হবে। তিনি আরো বলেনঃ "আমাদের কাজটি হচ্ছে সহায়ক ভূমিকায় অবতীর্ণ হয়ে বাজারের সহায়ক জায়গাগুলোতে সাপোর্ট দেওয়া। পুঁজিবাজের প্রাতিষ্ঠানিক বিনিয়োগ বাড়াতে সরকারি প্রতিষ্ঠানগুলোকে বাজারে আনা হচ্ছে। সাতটি প্রতিষ্ঠান ঠিক করা হয়েছে, যার মধ্যে দুটি বাজারে তালিকাভুক্ত হয়ে আছে। যে দুটি মার্কেটে আছে, (সে দুটিকে) আরো সম্প্রসারিত করব। পাঁচটির 'অ্যাসেট লায়াবিলিটি রিভিউ' করে; এগুলোর মার্কেট ভ্যালু, গুডইউল মূল্যায়ন করে মার্কেটে নিয়ে আসা হবে।"

২০০৮ সালে তত্ত্বাবধায়ক সরকারের আমলে সরকারি ৩৪টি কোম্পানিকে পুঁজিবাজারে তালিকাভুক্তির উদ্যোগ নেওয়া হলেও বেশি দূর এগোয়নি। ২০১০ সালে আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর সরকারি কোম্পানিকে বাজারে আনার উদ্যোগ শুরু হয়।

খেলাপি ঋণ কমিয়েছে সোনালী ব্যাংক

সোনালী ব্যাংকের খেলাপি ঋণ কমেছে বলে জানান ব্যাংকটির ব্যবস্থাপনা পরিচালক আতাউর রহমান প্রধান। তিনি বলেছেন, রাষ্ট্রায়ত্ত খাতের সবচেয়ে বড় এই ব্যাংকটিতে গত এক বছরে খেলাপি ঋণ ৭ শতাংশ পয়েন্ট কমেছে। ২০১৮ সালে ব্যাংকটিতে খেলাপি ঋণের পরিমাণ ছিলো ২৬ শতাংশ। ২০১৯ সাল শেষে তা ১৯ শতাংশে নেমে এসেছে। সম্প্রতি রাজধানীর মতিঝিলে ব্যাংকের প্রধান কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এ তথ্য জানান। তিনি বলেন, "আমরা খেলাপি ঋণের পরিমাণ কমিয়ে আনতে সমর্থ হয়েছি। গত এক বছরে ৩ হাজার কোটি টাকা খেলাপি ঋণ আদায় করেছি। এর মধ্যে ৮০০ কোটি টাক নগদ। আর এতে এখন সোনালী ব্যাংকের খেলাপি ঋণের হার কমে ১৯ শতাংশে নেমে এসেছে। ২০১৮ সালে ছিল ২৬ শতাংশ।"

এ হিসাবেই এক বছরে সোনালী ব্যাংকের খেলাপি ঋণ ৭ শতাংশ পয়েন্ট কমেছে বলে জানান আতাউর রহমান। "খেলাপি ঋণ কমিয়ে আনাই এ মুহূর্তে সোনালী ব্যাংকের সবচেয়ে বড় লক্ষ্য। আমরা সবচেয়ে বড় প্রায়োরিটি দিয়েছি ক্লাসিফাইড লোনকে কমিয়ে আনাকে।" ব্যাংকের সর্বশেষ অবস্থা তুলে ধরে তিনি বলেন, ২০১৯ সালে সোনালী ব্যাংক ১ হাজার ৭৩০ কোটি টাকা পরিচলন মুনাফা করেছে। ২০১৮ সালে এই মুনাফার পরিমাণ ছিল ২ হাজার কোটি টাকা কিছু বেশি।

আতঙ্কের করোনা ভাইরাস আশা জাগাচ্ছে অর্থনীতিতে

দুনিয়াজুড়ে আতঙ্ক ছড়ানো নভেল করোনাভাইরাস বাংলাদেশের অর্থনীতির জন্যে আশীর্বাদ বয়ে আনতে পারে বলে আশা করছেন অর্থনীতিবিদ ও ব্যবসায়ী নেতারা। তারা বলছেন, এই রোগ যদি শুধু চীনের বাইরে অন্য দেশে বেশি না ছড়ায়, তাহলে বাংলাদেশের রপ্তানি বাণিজ্যে যে ধাক্কা লেগেছে তা কেটে যেতে পারে। যুক্তরাষ্ট্র, ইউরোপসহ অনেক দেশের তৈরি পোশাকের অর্ডার চীনের বদলে চলে আসতে পারে বাংলাদেশে। বিশ্বের তৈরি পোশাক রপ্তানিতে শীর্ষ দেশ এখনও চীন; তার পরের অবস্থানে রয়েছে বাংলাদেশ ও ভিয়েতনাম। এই পরিস্থিতিতে মধ্যপ্রাচ্যে ইরান-যুক্তরাষ্ট্রের উত্তেজনায় যে আশঙ্কার মেঘ দেখা দিয়েছিল, চীনে প্রাণঘাতি ভাইরাস সংক্রমণ সেই চিত্র বদলে দেওয়ার ইঙ্গিত দিচ্ছে। নভেল করোনাভাইরাসে চীনে মৃত্যুর সংখ্যা তিন শতাধিক এবং আক্রান্তের সংখ্যা ১৪ হাজার ছাড়িয়ে যাওয়ার পর বিভিন্ন দেশ দেশটির সঙ্গে বাণিজ্য যোগাযোগ সীমিত করেছে। এখানেই আশা দেখছেন বেসরকারি গবেষণা সংস্থা পলিসি রিসার্চ ইনস্টিটিউটের (পিআরআই) নির্বাহী পরিচালক আহসান এইচ মনসুর। তিনি মিডিয়াকে বলেন, "যদি এই রোগ চীনের মধ্যেই সীমাবদ্ধ থাকে, তাহলে আমাদের রপ্তানিতে একটা ইতিবাচক প্রভাব পড়ার সম্ভাবনা রয়েছে। এই অবস্থায় কোনো দেশই আরও অন্তত কিছুদিন চীন থেকে তৈরি পোশাক পণ্য কিনবে না। সেক্ষেত্রে চীনের অনেক অর্ডার বাংলাদেশে চলে আসতে পারে। আমাদের রপ্তানিতে যে ধাক্কা লেগেছে, তা কেটে যেতে পারে।" তৈরি পোশাক শিল্প মালিকদের শীর্ষ সংগঠন বিজিএমইএর সভাপতি রুবানা হকও তেমনই মনে করেন।

চাল রপ্তানিতে ১৫% প্রণোদনা

চাল রপ্তানিতে ১৫ শতাংশ হারে প্রণোদনা দেওয়ার ঘোষণা দিয়েছে সরকার। রপ্তানি বাণিজ্যকে উৎসাহিত করতে দেশে উৎপাদিত ধান থেকে প্রক্রিয়াকরণের মাধ্যমে উৎপাদিত চাল রপ্তানির বিপরীতে সরকার এই ভর্তুকি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে বলে বাংলাদেশ ব্যাংক জানায়। এরইমধ্যে বিদেশি মুদ্রা লেনদেনকারী সব ব্যাংকের প্রধান নির্বাহীদের কাছে পাঠানো এক সার্কুলারে ৩০ জানুয়ারি থেকে চলতি ২০১৯-২০ অর্থবছরে (২০২০ সালের ৩০ জুন পর্যন্ত) চাল রপ্তানিতে এ হারে প্রণোদনা দিতে বলেছে কেন্দ্রীয় ব্যাংক। এ বিষয়ে কৃষিমন্ত্রী আব্দুর রাজ্জাক মিডিয়াকে বলেন, "অনেক দিন ধরেই বিষয়টি নিয়ে ভাবছিলাম। মূলত কৃষকদের সহায়তা করতেই এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।"

বিএসইসি অ্যাকশনস্

BSEC consent for issuance of Non-Convertible Fully Redeemable Bond

